

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-১২৬

তারিখঃ ২৫/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারদের মধ্যে বিতরণের জন্য বিশেষ অনুদান খাত হতে নগদ অর্থ বরাদ্দ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৬০, তারিখঃ ২৪/০৪/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাকৃতিক দুর্যোগ পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত সিলেট জেলার ৫০,০০০ পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতি পরিবার মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হরে ০৩ (তিন) মাসের জন্য (মে, জুন, জুলাই'২০১৭) মোট ৫০,০০০X৫০০X৩=৭,৫০,০০,০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা তাঁর বরাবর এতদ্বারা বরাদ্দ দেয়া হলো।

- ২। জেলা প্রশাসক, বরাদ্দকৃত অর্থ বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে সঠিকভাবে ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুযায়ী এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথ অনুসরণপূর্বক বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। জেলা প্রশাসকগণ জুলাই মাসের বরাদ্দকৃত অর্থ ৩০ জুন'২০১৭ এর মধ্যে উত্তোলন করে জুলাই/২০১৭ মাসের প্রথম সপ্তাহে বিতরণ করবেন।
- ৪। বরাদ্দকৃত অর্থ ২০১৬-২০১৭ অর্থ বছরের সচিবালয়ের আওতাধীন '৩-৪৯০১-০০০৩-৫৯৬৫-বিশেষ অনুদান খাত হতে নির্বাহ করা হবে।
- ৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- ৬। জেলা প্রশাসক বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তাঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।
- ৭। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,
সিলেট।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-১২৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট-কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(এস এম শফিকুল ইসলাম)
উপ-পরিচালক (ত্রাণ-১)